



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd. iauregistr@gmail.com

ওয়েস্ট ধানমন্ডি, বঙ্গিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং: ইআবি/রেজি:/প্রশা/জা.দি.ও.অ.উ/২০১৯/১২৬৯৩

তারিখ ১৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

আরবি প্রবন্ধ রচনা প্রতিযোগিতা

➤ প্রবন্ধের বিষয়বস্তু:

“العولمة واللغة العربية / বিশ্বায়ন ও আরবি ভাষা”

➤ প্রতিযোগিতার নিয়মাবলী :

১. পুরো প্রবন্ধ অবশ্যই আরবি ভাষায় লেখা হতে হবে এবং অংশগ্রহনকারীর স্বহস্তে লিখিত হতে হবে। এক্ষেত্রে কোন ভাবেই কম্পিউটার টাইপিং লেখা গ্রহন করা হবে না;
২. প্রবন্ধ অনধিক ১৫০০ (পনের শত) শব্দ বিশিষ্ট হতে হবে;
৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত এবং প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত যে কোন ফাজিল ও কামিল মাদরাসার কেবল ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) স্তরে অধ্যয়নরত (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) শিক্ষার্থীগণ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন;
৪. প্রতিযোগিতায় অংশগ্রহনকারী শিক্ষার্থীর মাদরাসার অধ্যক্ষ মহোদয় মাদরাসার লেটারহেড প্যাডে অংশগ্রহনকারী শিক্ষার্থী যে উক্ত মাদরাসার ফাজিল (স্নাতক)/কামিল (স্নাতকোত্তর) স্তরের অধ্যয়নরত শিক্ষার্থী এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করবেন। প্রত্যয়নপত্রে উক্ত শিক্ষার্থীর ০১(এক) কপি রশিদ ছবি আঠা দিয়ে লাগিয়ে সংশ্লিষ্ট অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করে দিবেন। লিখিত প্রবন্ধের সাথে উক্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। নতুবা প্রবন্ধ বাতিল বলে গণ্য হবে;
৫. প্রবন্ধের শুরুতে অবশ্যই স্পষ্টভাবে প্রেরণকারী শিক্ষার্থীর নাম-ঠিকানা, মাদরাসার নাম-ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করতে হবে।
৬. প্রবন্ধ লেখার কাগজ অবশ্যই **A4** সাইজের হতে হবে এবং মুখবন্ধ খামে করে “প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম প্রো-ভাইস চ্যান্সেলর ও অধ্যক্ষ, “১৮ ডিসেম্বর-২০২৪ বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন কমিটি”, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১” ঠিকানায় প্রেরণ করতে হবে।
৭. লেখা জমা দেওয়ার শেষ সময় ১০.১২.২০২৪ খ্রি: তারিখ। লিখিত প্রবন্ধ অবশ্যই ১০.১২.২০২৪ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে পৌছাতে হবে। উক্ত সময়ের পরে আগত প্রবন্ধসমূহ কোনভাবেই প্রতিযোগিতায় বিবেচনার জন্য গ্রহন করা হবে না।
৮. আগত প্রবন্ধসমূহ মূল্যায়ন করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তদের মধ্যে থেকে প্রথমে ০৩ (তিন) জন কে বাছাই করা হবে। যাদেরকে চ্যাম্পিয়ন, ১ম রানার আপ ও ২য় রানার আপ পুরস্কার প্রদান করা হবে। অন্যান্য প্রতিযোগীদের মধ্য থেকে মূল্যায়ন করে দেশের ০৮(আট) টি বিভাগের প্রতিটি থেকে ০১(এক) জন করে বিভাগীয় পর্যায়ে বিজয়ী হিসেবে নির্বাচন করে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে। সকল বিজয়ী প্রতিযোগীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

➤ পুরস্কার:

প্রতিযোগিতায় কেন্দ্রীয় ভাবে বিজয়ী ০৩(তিন) জন এবং বিভাগীয় পর্যায়ে প্রতিটি বিভাগ থেকে ০১(এক) জন করে মোট ০৮ (আট) জন সহ সর্বমোট ১১(এগার) জন বিজয়ীকে নিম্নোক্ত হারে নগদ অর্থ পুরস্কার ও সনদপত্র প্রদান করা হবে:

০১- চ্যাম্পিয়ন পুরস্কার-১৫,০০০/- (পনের হাজার) টাকা

০২- ১ম রানার আপ পুরস্কার-১০,০০০/- (দশ হাজার) টাকা

০৩- ২য় রানার আপ পুরস্কার-১০,০০০/- (দশ হাজার) টাকা।

০৪- বিভাগীয় পর্যায়ে বিজয়ীর পুরস্কার (প্রতিজন)- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো নিয়ম পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৫.১১.২৪

(মো: আইউব হোসেন)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ও

সদস্য সচিব

১৮ ডিসেম্বর ২০২৪ বিশ্ব আরবি ভাষা দিবস উদযাপন কমিটি

মোবাইল : ০১৭০৫-৪০৮০০১



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd, iauregistr@gmail.com


ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং: ইআবি/রেজি./প্রশা/জা.দি.ও.অ.উ/২০১৯/১২৬৯৩

তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ;
২. পরিচালক (পওউ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ;
৩. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ;
৪. উপাচার্যের একান্ত সচিব, উপাচার্যের কার্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, প্রো-ভাইস চ্যান্সেলরের কার্যালয়-০১, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (প্রো ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, প্রো-ভাইস চ্যান্সেলরের কার্যালয়-০২, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (প্রো ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সেকশন অফিসার, ড্রেজারার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সকল ফাজিল ও কামিল মাদরাসা;
৯. আইসিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
১০. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর (২ টি জাতীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
১১. অফিস নথি।



(নো: রুহুল্লাহ)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়